গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সাঁথিয়া,পাবনা ।
santhia.pabna.gov.bd

স্মারক নং ০৫.৪৩.৭৬৭২.০০০.২৪.০৩৯.১৭- ১৪৫৫ তারিখ ঃ ১৮ /১১/২০১৭ খ্রিঃ ।

বিষয় ঃ উপজেলা পর্যায়ে উদ্ভাবনী উদ্যোগসমূহের তালিকা এবং বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা-২০১৭ এর অগ্রগতির প্রতিবেদন প্রেরণ ।

সূত্র ঃ মহোদয়ের ১৫ নভেম্বর, ২০১৭ খ্রিঃ তারিখের-০৫.৪৩.৭৬০০.০১৯.৩৭.০২৪.১৭-৮৫ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় সূত্রের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা পর্যায়ে উদ্ভাবনী উদ্যোগসমূহর তালিকা এবং বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা-২০১৭ এর অগ্রগতি সংক্রান্ত চাহিত তথ্যাদি প্রেরিত ছক মোতাবেক প্রস্তুত করা হয়েছে।

২। এমতাবস্থায়, প্রস্তুতকৃত ছক মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্রসাথ প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ ০২(দুই) পাতা।

১৮/১১/১৭
(মোঃ জাহাঙ্গীর আলম)
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া,পাবনা ।
ফোন-০৭৩২৭-৫৬১০১
ই-মেইল-unosanthia@mopa.gov.bd

জেলা প্রশাসক
পাবনা।
{দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), পাবনা}

১১। উদ্ভাবনী উদ্যোগের তালিকা সংক্রান্ত ছক

ক্রমিক নং	উদ্ভাবনী উদ্যোগ গ্রহণকারীর নাম, পদবী ও মোবাইল নম্বর	উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম	উদ্ভাবনী উদ্যোগ বিষয়ের অগ্রগতির বিববরণ (সংক্ষেপে)
০১.	মোঃ জাহাঙ্গীর আলম উপজেলা নির্বাহী অফিসার সাঁথিয়া,পাবনা। মোবাইল নং-০১৭৬২-৬২১০১৮	স্থানীয় ছাত্র-ছাত্রীদের নৈতিক শিক্ষা অর্জন ও চাকুরী প্রাপ্তির নিমিত্ত "জ্ঞান চর্চা কেন্দ্র উপজেলা গ্রন্থাগার" চালুকরণ	ইতোমধ্যে উপজেলা পরিষদ সংলগ্ন একটি লাইব্রেরী স্থাপন করা হয়েছে যেখানে স্থানীয় ছাত্র-ছাত্রীগণ নিয়মিতভাবে জ্ঞান চর্চা করছেন। এছাড়া প্রতিটি স্কুলে এ বিষয়ে একটি কমিটি গঠন করা হয়েছে।
০২.	মোঃ জাহাঙ্গীর আলম উপজেলা নির্বাহী অফিসার সাঁথিয়া,পাবনা। মোবাইল নং-০১৭৬২-৬২১০১৮	অফিস কক্ষ সমূহ আধুনিকীকরণ এবং ডিজিটাল পদ্ধতিতে নথি উপস্থাপন ও পত্র নিস্পত্তি করে জনসেবা সহজীকরণ।	ইতোমধ্যে অত্র উপজেলার অফিস কক্ষসমূহ আধুনিকায়ন করা হয়েছে এবং ই-নথি সিস্টেমে নথিসমূহ নিস্পত্তি করা হচ্ছে।
০৩.	মোঃ জাহাঙ্গীর আলম উপজেলা নির্বাহী অফিসার সাঁথিয়া,পাবনা। মোবাইল নং-০১৭৬২-৬২১০১৮	"বিল চাপড়ী আদর্শ গ্রাম একটি সমন্বিত প্রয়াস" কার্যক্রম বাস্তবায়ন।	সাঁথিয়া উপজেলার ধুলাউড়ি ইউনিয়নের বিলচাপড়ী গ্রামটি প্রত্যন্ত এলাকায় অবস্থিত একটি অনুন্নত গ্রাম। ইতোমধ্যে "বিল চাপড়ী আদর্শ গ্রাম একটি সমন্বিত প্রয়াস" নামক প্রকল্পের আওতায় এনে ১০০% স্বাক্ষর জ্ঞান অর্জন করা হয়েছে। অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।
০৪.	ডাঃ মোঃ মোজাফফর হোসেন উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সাঁথিয়া,পাবনা।	প্রসব পূর্ববর্তী মাতৃসেবা সহজীকরণ ঃ "আস্সালামু আলাইকুম,আপা কেমন আছেন"?	প্রসব পূর্ববর্তী মাতৃসেবা সহজীকরণের লক্ষ্যে প্রাথমিক পর্যায়ে সাঁথিয়া পৌরসভার বাসিন্দাদের জন্য সাঁথিয়া হাসপাতালে ইমার্জেন্সী ডিউটিরত স্টাফের অনুকূলে মোবাইল ফোন সরবরাহ করা হয়েছে। যিনি প্রসব পূর্ববর্তী মাতৃসেবা সহজীকরণের নিমিত্ত পরামর্শ প্রদান করবেন।
০৫.	মোঃ গোলাম মহিউদ্দিন উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সাঁথিয়া, পাবনা।	বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য সমস্যা নিশ্চিত করণ ও বাল্য বিবাহকে লাল কার্ড প্রদর্শন।	বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য সমস্যা নিশ্চিত করণ ও বাল্য বিবাহকে লাল কার্ড প্রদর্শনের নিমিত্ত ইউনিয়নওয়ারী সভা করে জনসচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম চলমান রয়েছে।
০৬.	মোঃ সিদ্দিকুর রহমান উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সাঁথিয়া,পাবনা।	শিক্ষার্থীদের ঝরেপড়া শূন্যের কোঠায় নামিয়ে আনা ঃ ২০ টি শিক্ষা প্রতিষ্ঠানে পাইলট প্রকল্প ।	শিক্ষার্থীদের ঝরেপড়া শূন্যের কোঠায় নামিয়ে আনার লক্ষ্যে ইতোমধ্যে ২০ টি শিক্ষা প্রতিষ্ঠানে পাইলট প্রকল্প গ্রহণ করা হয়েছে।
০৭.	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সাঁথিয়া,পাবনা।	ইউনিয়ন পর্যায়ে ক্যাম্পিং এর মাধ্যমে গবাদি পশু/হাঁস মুরগীর চিকিৎসা সেবা ও টিকাদান নিশ্চিত করণ।	ইউনিয়ন পর্যায়ে ক্যাম্পিং এর মাধ্যমে গবাদি পশু/হাঁস মুরগীর চিকিৎসা সেবা ও টিকাদান নিশ্চিত করা হয়েছে।
০৮.	খন্দকার গোলাম সরওয়ার উপজেলা সমাজসেবা অফিসার সাঁথিয়া,পাবনা।	মাঝারি ও মৃদু মাত্রার প্রতিবন্ধী ভাতাভোগীদের আত্নকর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে স্বাবলম্বী করে তোলা।	মাঝারি ও মৃদু মাত্রার প্রতিবন্ধী ভাতাভোগীদের আত্নকর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে বিভিন্ন কর্মসূচী প্রণয়ন করা হয়েছে।
০৯.	মোঃ সাইফুল ইসলাম উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ী একটি খামার প্রকল্প, সাঁথিয়া, পাবনা।	ভিক্ষুক পুনর্বাসন প্রকল্প গ্রহণ ঃ ১ টি ইউনিয়নে পাইলট প্রকল্প।	ভিক্ষুক পুনর্বাসনের নিমিত্ত ১ টি ইউনিয়নে পাইলট প্রকল্প গ্রহণ করা হয়েছে যার কার্যক্রম চলমান রয়েছে।
১০.	মোঃ আব্দুল কদ্দুস উপজেলা যুব উন্নয়ন অফিসার সাঁথিয়া,পাবনা।	বেকার যুবক/ প্রতিবন্ধীদের আত্নকর্মসংস্থানে নিয়োজিত করণ।	বেকার যুবক/ প্রতিবন্ধীদের আত্নকর্মসংস্থানে নিয়োজিত করণের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

২। বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭ এর অগ্রগতি সংক্রান্ত ছক

ক্রমিক নং	বার্ষিক কর্মপরিকল্পনার বিবরণ	অগ্রগতির বিবরণ
০১.	প্রতি মাসে ০১(এক) টি করে মোট ১২ (বার) টি সভা করা হবে।	চলতি অর্থবছরে (২০১৭-২০১৮) ইতোমধ্যে ০৪ টি সভা করা হয়েছে।
০২.	প্রতিমাসে ১ টি ইনোভেশন প্রকল্প সরেজমিনে পরিদর্শন করা হবে।	চলতি অর্থবছরে (২০১৭-২০১৮) ইতোমধ্যে ০৫ টি প্রকল্প পরিদর্শন করা হয়েছে।
০৩.	বছর শেষে শ্রেষ্ঠ ইনোভেশন কর্মকর্তাকে পুরস্কার প্রদান করা হবে।	---
০৪.	অর্থবছর শেষে সকল ইনোভেশন প্রকল্পের বর্ণনাসহ বুকলেট প্রকাশ করা হবে।	---

২৬/১১/১৭

(মোঃ জাহাঙ্গীর আলম)
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া,পাবনা ।